



আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
বাংলাদেশ প্রতিদিন, ০৭-১২-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে বায়োটেক ফেস্ট উদযাপন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং বায়োটেকনোলজি বিভাগের ১২ বছরের সফলতা উদযাপন করতে 'বায়োটেক ফেস্ট'র আয়োজন করা হয়েছে। শুক্রবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠানটি আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজিম আখন্দ।

'বায়োটেক ফেস্ট'র আয়োজনে আরও ছিল বায়োটেক অলিম্পিয়াড এবং বিভিন্ন উদ্ভাবনী আইডিয়ার পোস্টার প্রদর্শনীসহ অনেক কিছু। সমাপনী অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান পোস্টার প্রদর্শনী এবং বায়োটেক অলিম্পিয়াডের বিজয়ীদের পুরস্কার প্রদান করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং বায়োটেকনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারপারসন ড. সুরাইয়া নাসরিন। বায়োটেক ফেস্ট ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ছাড়াও দেশের অনেক সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।